**প্রশিক্ষণের বিষয়বস্তু** : হেলথ সেক্টর রেসপন্স টু জেন্ডার বেজড ভায়োলেন্স

**উদ্বোধনের তারিখ ও সময়** : ৬-৮ ফেব্রুয়ারী, ২০২৪ খ্রি, সকাল ৯.৩০

**স্থান** : সম্মেলনকক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম

**অংশগ্রহণকারীদের ধরন** : মেডিকেল কলেজ হাসপাতালসমূহে কর্মরত আবাসিক সার্জন (শিশু সার্জারি), আবাসিক সার্জন (অবস অ্যান্ড গাইনি), জেলা হাসপাতালসমূহে কর্মরত গাইনি বিশেষজ্ঞ, আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সমূহে কর্মরত আবাসিক মেডিকেল অফিসার, গাইনি বিশেষজ্ঞ , ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারের কর্মকর্তা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা ও মেট্রোপলিটন পুলিশের কর্মকর্তা প্রমুখ।

**পটভূমি**

৪র্থ সেক্টর প্রোগ্রামের সূচনাকালে ২০১৭ সালে তৎকালীন সচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী যৌন সহিংসতার শিকার সার্ভাইভারদের মানসম্মত সেবা প্রদান নিশ্চিত করতে জিএনএসপি ইউনিট ও UNFPA Bangladesh এর যৌথ উদ্যোগে প্রণীত"Health Sector Response to Gender Based Violence: Protocol for Healthcare Providers" শীর্ষক প্রটোকলটি বাস্তবতার নিরিখে আরও শাণিত ও তথ্যসমৃদ্ধ করার উদ্দেশ্যে মাঠ পর্যায়ে জামালপুর ও মৌলভীবাজার জেলায় পাইলটিং শুরু করা হয়। ২০১৮ সালে রিট মামলার রায়ে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রটোকলটি স্বীকৃতিপ্রাপ্ত হয় । একইসাথে সারা দেশে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের পাশাপাশি সংশ্লিষ্ট অন্যান্য সকল সংস্থায় প্রটোকলটি বিতরণের নির্দেশনা প্রদান করা হয়। হাইকোর্টেরে উক্ত রায়ে ধর্ষণের শিকার নারীদের ফরেনসিক পরীক্ষার অংশ হিসেবে "2 finger test" নিষিদ্ধকরণসহ মোট ৮ দফা নির্দেশনা প্রদান করা হয়। পাশাপাশি সার্ভাইভারদের প্রয়োজনীয় শারীরিক চিকিৎসাপ্রদান ও তাদের মানসিক সুস্থতা ও সামাজিক পুনর্বাসন নিশ্চিত করণার্থে বর্ণিত প্রটোকল বিষয়ে ডাক্তার, নার্স ও স্বাস্থ্যকর্মীদের জন্য দেশব্যাপী প্রশিক্ষণ (জিবিভি প্রশিক্ষণ) আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন। এর–অনুবৃত্তিক্রমে প্রটোকলটি সারা দেশে সকল স্বাস্থ্য কেন্দ্র, জেলা প্রশাসক, জেলা জজ, পুলিশ সুপারসহ সংশ্লিষ্ট সকল দপ্তরে বিতরণ করা হয়।

২০১৯ খ্রি: থেকে প্রতিবছর সারা দেশে মাল্টিসেক্টোরাল কার্যক্রমের অংশ হিসেবে বিভাগীয় পর্যায়ে ডাক্তার, নার্স, মহিলা বিষয়ক কর্মকর্তা ও পুলিশ বিভাগের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান শুরু করা হয় এবং বর্তমানে এটি একটি চলমান ও নিয়মিত কার্যক্রম। ২০১৯ হতে ২০২১ খ্রি: পর্যন্ত প্রশিক্ষণের পাশাপাশি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পর্যন্ত এই সেবা নিশ্চিত করতে প্রয়োজনীয় নির্দেশনাসহ ২০১৯ এবং ২০২১ খ্রি তৎকালীন সিনিয়র সচিব মহোদয়গণের স্বাক্ষরে পরিপত্র জারি করা হয়। স্বাস্থ্য সেবা প্রদানকারীদের জন্য ই–লার্নিং এর সুবিধার্থে প্রটোকলের উপর ভিত্তি করে ২০১৯ খ্রি: জিএনএসপি ইউনিট এবং ইউএনএফপিএ (UNFPA) বাংলাদেশ যৌথভাবে বাংলায় "Clinical Management of Rape (CMR)" শীর্ষক একটি ওয়েব ভিত্তিক মডিউল প্রণয়ন করে সেটি স্বাস্থ্য অর্থনীতি ইউনিট এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে পাবলিক-ডোমেইনে আপলোড করা হয়েছে।

২০২০ খ্রি: জিবিভি সেবার তথ্য নিয়মিত রিপোর্টিং এর জন্য UNFPA Bangladesh এর সহযোগিতায় আনুষঙ্গিক রেজিস্টার, মহিলা ও পুরুষ সার্ভাইভারদের শারীরিক পরীক্ষার ফর্ম, রেফারেল ফর্ম ইত্যাদি প্রণয়ন করে সারা দেশের স্বাস্থ্যকেন্দ্রে বিতরণ করা হয়েছে। ২০২১ খ্রি: তাৎক্ষণিকভাবে জিবিভি সেবা নিশ্চিত করতে স্বাস্থ্য সেবা প্রদানকারীদের সুবিধার্থে প্রয়োজনীয় সরঞ্জামাদিসহ "Survivor Kit Box" এর ব্যবস্থা করা হয়েছে। প্রতিটি বক্সে ২২ প্রকার উপকরণ আছে, যা দিয়ে একজন জিবিভি সার্ভাইভারের মেডিকেল চিকিৎসা ও ফরেনসিক পরীক্ষা অনায়াসে করা যায়। একই সরঞ্জামসহ ২ সাইজের বক্স প্রস্তুত করা হয়েছে। বড় বক্সের উপকরণ দিয়ে যাতে ১০ জন সার্ভাইভারকে এবং ছোট বক্সের উপকরণ দিয়ে ৫ জন সার্ভাইভারকে প্রয়োজনীয় সেবা প্রদান করা যায়। সকল মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা সদর হাসপাতালসমূহে ১ টি করে বড় বক্স এবং সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১ টি করে ছোট বক্স বিতরণের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২০২০-২০২১ অর্থবছর থেকে জিবিভি সেবার তথ্য স্বাস্থ্য অধিদপ্তরের DHIS 2 তে সংযুক্ত করে সংশ্লিষ্ট ওয়েবসাইটে দৃশ্যমান করা হয়েছে। একই সাথে সংশ্লিষ্ট নার্স এবং পরিসংখ্যানবিদদের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের MIS এর সহযোগিতায় প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

পৃথিবীর বিভিন্ন দেশের ন্যায় আমাদের দেশেও জিবিভি সেবা কার্যক্রম Essential Service Package(ESP) এর অন্তর্ভুক্ত। ৪র্থ সেক্টর প্রোগ্রাম মেয়াদে জিএনএসপি ইউনিট সারা দেশে স্বাস্থ্য সেবা প্রদানকারীদের জিবিভি সেবা প্রদানে উদ্বুদ্ধকরণ ও সক্ষমতা বৃদ্ধির জন্য বিভাগীয় পর্যায়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের পাশাপাশি জেলা পর্যায়ে কর্মশালাও আয়োজন করছে।

**প্রশিক্ষণের উদ্দেশ্যসমূহ:**

১। জিবিভি সারভাইভারদের জন্য আপডেট করা প্রোটোকলের উপর ধারণা প্রদান করা
২। অডিও ভিজুয়াল কনটেন্ট সমৃদ্ধ ওয়েব বেজড মডিউলের ওপর আলোচনা করে তা ব্যাবহারে উৎসাহিত করা
৩। একটি পরিষেবা বিধান হিসাবে জিবিভি প্রোটোকলের জন্য আইনী নির্দেশাবলী সম্পর্কে ধারণা প্রদান করা।